

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৬
আগরতলা, ০৬ মার্চ, ২০১৯

বেকারদের স্বনির্ভর করার লক্ষ্যে
রাজ্য সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

স্টার্ট-আপ ইন্ডিয়া ত্রিপুরা যাত্রার ভ্রাম্যমান গাড়িটির আজ পতাকা নেড়ে আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। মহাকরণের প্রধান প্রবেশদ্বার থেকে এই ভ্রাম্যমান গাড়িটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এই মোবাইল ভ্যানটি রাজ্যের বিভিন্ন প্রান্তের ২৮টি স্কুল এবং কলেজ সফর করবে। ভ্রাম্যমান গাড়িটি আগামী ১৬ মার্চ পর্যন্ত রাজ্যে অবস্থান করবে এবং বিভিন্ন এলাকা সফর করবে।

স্টার্ট-আপ ইন্ডিয়া ত্রিপুরা যাত্রার সূচনা করে উপস্থিত সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী শ্রীদেব বলেন, দেশের যুবকদের কিভাবে স্বরোজগারের মাধ্যমে স্বনির্ভর করা যায় সেই দিকে লক্ষ্য রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করছেন। বর্তমান রাজ্য সরকারও সেই দিশাতেই কাজ করে চলেছে। পূর্বতন সরকার স্ব-রোজগারের প্রকৃত সংজ্ঞাই নিরাপিত করতে পারেননি বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, দেশকে স্বনির্ভর করে গড়ে তুলতে স্বরোজগার হচ্ছে একটি বড় মাধ্যম। রাজ্যে নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ৮২০টি নতুন ছোট শিল্প স্থাপনের জন্য পোর্টালের মাধ্যমে নাম নথিভুক্ত হয়েছে। এর ফলে চার হাজার বেকার যুবক-যুবতীর রোজগারের পথ সৃষ্টি হয়েছে। বিগত দিনে যুবক-যুবতীদের জন্য কোনও ধরনের সুপরিকল্পিত দিশা ছিলো না। এর ফলে রাজ্যের বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর হওয়ার লক্ষ্যে দিল্লি, মুম্বাই সহ বিভিন্ন জায়গায় পরামর্শ নেওয়ার জন্য যেতে হতো। মুখ্যমন্ত্রী জানান, এই ভ্রাম্যমান গাড়িটিতে থাকা ভিডিও স্ক্রিনে বিভিন্ন তথ্য দেখানো হবে। তা দেখে বিদ্যালয় এবং কলেজের ছাত্র-ছাত্রীরা আধুনিক প্রযুক্তিগত বিষয়ে সম্যক ধারণা নিতে পারবে। কোন কোন বিষয়ে কি ধরনের পড়াশুনা করলে রোজগারের পথ সৃষ্টি হবে তাও জানতে পারবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী দেশকে স্ব-নির্ভরতার লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবার জন্যই এই স্টার্ট-আপ ইন্ডিয়া ভ্রাম্যমান গাড়িটির মাধ্যমে ঘরে ঘরে তরুণ প্রজন্মের কাছে নয়া দিশা খুলে দিয়েছেন। সারা রাজ্যব্যাপী এই মোবাইল ভ্যানটি যখন সফর করবে তখন যুবকরা স্বরোজগার হওয়া সম্পর্কে এক নতুন দিশা পাবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে শিল্প বাণিজ্য দপ্তরের প্রধান সচিব এস আর কুমার, অধিকর্তা সন্দীপ আর রাঠোর এবং স্টার্ট-আপ ইন্ডিয়া ত্রিপুরা যাত্রার প্রজেক্ট প্রধান অমিত শর্মা সহ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
